গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা
www.dpdt.gov.bd

স্মারক নং-৩৬.০৮.০০০০.২০০.০৬.০০১.২২-৪৬৩ তারিখঃ ১৮/০৩/২০২৪ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি**

বিষয়ঃ পেটেন্ট এটর্নিদের ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্প প্রত্যাহার করা প্রসঙ্গে।

এতদ্বারা সকল পেটেন্ট আবেদনকারী এবং তাঁদের প্রতিনিধিদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিদ্যমান পেটেন্ট আইন মোতাবেক পেটেন্ট আবেদন দাখিলের তারিখ হতে ৩৬ মাসের মধ্যে পেটেন্ট পরীক্ষার জন্য অধিদপ্তরের মহাপরিচালক বরাবর অনুরোধপত্র প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। যদি কোনো পেটেন্ট আবেদনের জন্য এরূপ অনুরোধপত্র দাখিল করা না হয়, তাহলে উক্ত পেটেন্ট আবেদন পরীক্ষা করা হবে না এবং ৩৬ মাস অতিক্রান্ত হলে উক্ত পেটেন্ট পরিত্যক্ত মর্মে বিবেচিত হবে।

পেটেন্ট আবেদন পরীক্ষার জন্য অনুরোধপত্র দাখিলের ক্ষেত্রে, ফি সিডিউল নির্ধারিত না হওয়া পর্যন্ত সাময়িকভাবে কার্যক্রম চলমান রাখার স্বার্থে ৩০০/- (তিনশত টাকা) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে মর্মে গৃহীত পূর্ববর্তী সিদ্ধান্ত প্রত্যাহার করা হল। তবে, পরবর্তীতে "ফি সিডিউল চূড়ান্ত হলে নির্ধারিত ফি পরিশোধে বাধ্য থাকব" মর্মে অনুরোধপত্রে উল্লেখ থাকতে হবে। এছাড়া পেটেন্ট আবেদন দাখিলের পর অগ্রিম প্রকাশনার ক্ষেত্রে ও অনুরূপ অনুরোধপত্র প্রযোজ্য হবে।

১৮/৩/২৪

(মোঃ মুনিম হাসান)
মহাপরিচালক
ফোনঃ ২২৩৩৮০৬৯৬
ইমেইলঃ dg@dpdt.gov.bd

বিতরণঃ

১। পরিচালক (পেটেন্ট ও শিল্প-নকশা/ ট্রেডমার্ক/ প্রশাসন ও অর্থ)
২। সিস্টেম এনালিস্ট (ওয়েবসাইটে আপলোডের জন্য)
৩।সভাপতি,বাংলাদেশ আইপি এটর্নিজ এসোসিয়েশন, ঢাকা
৪। উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) [নোটিশ বোর্ডসহ সকল উপযুক্ত স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য]।